

Gmail

Google Ireland Limited (“Google”)

গর্ডন হাউস, ব্যারো স্ট্রিট, ডাবলিন ৪, আয়ারল্যান্ড

<https://support.google.com/>

২১ ডিসেম্বর, ২০২০ থেকে কার্যকর হবে

চুক্তির সারাংশ

- ইউরোপীয় ইউনিয়নের আইন অনুযায়ী আমাদের প্রদান করা পরিষেবার মূল বিষয়গুলি এই চুক্তির সারাংশে বলা রয়েছে¹।
- পরিষেবার অফারগুলির মধ্যে আপনি যাতে তুলনা করে দেখতে পারেন সেই উদ্দেশ্যেই এটি দেওয়া।
- আমাদের পরিষেবার বিষয়ে সম্পূর্ণ তথ্য অন্যান্য ডকুমেন্টে উপলভ্য।

পরিষেবা

Gmail হল এমন একটি ইমেল পরিষেবা, যা ওয়েব ইন্টারফেস বা অ্যাপের মাধ্যমে সব ডিভাইস এবং প্ল্যাটফর্ম জুড়ে ব্যবহার করা যাবে। Gmail-এর মাধ্যমে ইমেল পেতে বা পাঠাতে ইন্টারনেট কানেকশন থাকতে হবে। Google-এর ভরফে যথাযথ দক্ষতা ও যত্ন সহকারে Gmail-এর পরিষেবা প্রদান করা হয়ে থাকে এবং এতে হাই কোয়ালিটির পরিষেবা প্রদান করা হয়।

দাম

Gmail ব্যবহারের সুবিধা ফ্রিতে দেওয়া হয় এবং এর ব্যবহার Google-এর পরিষেবার শর্তাবলী অনুযায়ী হবে (এতে উপলভ্য আছে <https://policies.google.com/terms>)।

সময়সীমা, রিনিউ করা ও বন্ধ হয়ে যাওয়া

সাইন-আপ করার সাথে সাথেই Gmail ব্যবহার করতে পারবেন। আপনি নির্দিষ্ট সময়সীমার মধ্যে Gmail ব্যবহারে বাধ্য নন এবং যেকোনও সময় এর ব্যবহার বন্ধ করে দিতে পারেন।

বিশেষভাবে সক্ষম ব্যবহারকারীদের জন্য ফিচার

Gmail-এ আপনি স্ক্রিন রিডার এবং কীবোর্ড শর্টকাট ব্যবহার করতে এবং হাই-কন্ট্রাস্ট থিম সেট করতে পারবেন। অন্যান্য বিশদ বিবরণ এখানে উপলভ্য <https://www.google.com/accessibility/>।

অন্যান্য প্রাসঙ্গিক তথ্য

গ্রাহক সহায়তা: Gmail ব্যবহারের জন্য সহায়তা/সাহায্য এখানে উপলভ্য <https://support.google.com/>।

সমস্যা: <https://ec.europa.eu/consumers/odr/main/?event=main.adr.show2>-এ তালিকাভুক্ত অন্য সমস্যা সমাধানকারীর কাছে অভিযোগ জানাতে পারেন অথবা আপনার দেশের আইন অনুসারে অন্য কোনও সমাধানকারীর কাছেও অভিযোগ জানাতে পারেন। অন্যান্য বিশদ তথ্য Google পরিষেবার শর্তাবলীতে উপলভ্য।

নিরাপত্তা সংক্রান্ত ঘটনা: Google যেকোনও সুরক্ষা ও গোপনীয়তা সংক্রান্ত ঘটনায় কোনওরকম দেরি না করে দ্রুত পদক্ষেপ নিতে নিরাপত্তা সংক্রান্ত ঘটনার ম্যানেজমেন্ট প্রোগ্রাম ২৪/৭ সুনিশ্চিতভাবে চালিয়ে থাকে। Google গ্রাহকদের সিকিউরিটি চেকলিস্টের সুবিধা প্রদান করে যা আপনার অনলাইন সুরক্ষা ম্যানেজ করতে আপনাকে সাহায্য করে।।

ব্যক্তিগত ডেটা: Gmail-এ সাইন-আপ করতে, আপনার অ্যাকাউন্টের জন্য নাম এবং একটি ইউজারনেম দিতে হবে। আপনি Gmail ব্যবহার করাকালীন Google আপনার যেসব ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে তার বিষয়ে আরও জানতে Google-এর গোপনীয়তা নীতি (এখানে উপলভ্য <https://policies.google.com/privacy>) দেখুন। Google-এর গোপনীয়তা নীতি আপনার বা Google-এর মধ্যে হওয়া কোনও চুক্তির অথবা এই সারাংশের অংশ নয়।

¹১১ ডিসেম্বর ২০১৮ ইউরোপীয়ান পার্লামেন্ট এবং কাউন্সিল দ্বারা প্রতিষ্ঠিত ইউরোপীয়ান ইলেক্ট্রনিক কমিউনিকেশন কোডের (OJ L 321, 17.12.2018, p. 36) অন্তর্গত ইউরোপীয়ান ইউনিয়নের (EU) ২০১৮/১৯৭২ আদেশানুযায়ী আর্টিকেল ১০২(৩)।